প্রমোদে ঢালিয়া দিনু মন,   তবু  প্রাণ কেন কাঁদে রে ।
চারি দিকে হাসিরাশি,   তবু    প্রাণ কেন কাঁদে রে ॥
আন্ সখী, বীণা আন্,   প্রাণ খুলে কর্  গান,
নাচ্    সবে মিলে ঘিরি ঘিরি ঘিরিয়ে—
তবু   প্রাণ কেন কাঁদে রে ॥
বীণা তবে রেখে দে,   গান আর গাস নে—
কেমনে যাবে বেদনা ।
কাননে কাটাই রাতি,    তুলি ফুল মালা গাঁথি,
জোছনা কেমন ফুটেছে—
তবু   প্রাণ কেন কাঁদে রে ॥

---

Parjaay: Natya-geeti, Taal: Tritaal, Raag: Behaag Khambaj
Visit www.geetabitan.com for notation and other detail